

# পরীক্ষা শেষ, এবার বুয়েটে ভর্তির অপেক্ষা

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ২০২২-২৩

শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণিতে ভর্তির মূল পরীক্ষা গতকাল শনিবার

বুয়েট ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। আগামী ২৬ জুন এই ভর্তি

পরীক্ষার ফল প্রকাশ করা হবে।

প্রকৌশল বিভাগগুলো এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের

জন্য মডিউল-এ, প্রকৌশল বিভাগগুলো, নগর ও অঞ্চল

পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগের জন্য মডিউল-বি দুই

শিফটে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। মডিউল-এ সকাল ১০টা হতে

দুপুর ১২টা

এবং মডিউল-বি দুপুর ২টা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত  
অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা প্রাক-নির্বাচনী  
ও মূল ভর্তি পরীক্ষার মাধ্যমে দুই ধাপে অনুষ্ঠিত হয়। এর আগে  
আবেদনকারী শিক্ষার্থীদের মধ্য থেকে বাছাইকৃত ১৮ হাজার  
২২৫ জন শিক্ষার্থী গত ২০ মে প্রাক-নির্বাচনী পরীক্ষায়  
অংশগ্রহণের সুযোগ পেয়েছিলেন।

কেমিক্যাল অ্যান্ড ম্যাটেরিয়ালস কৌশল, পুরকৌশল,  
যন্ত্রকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল এবং স্থাপত্য ও  
পরিকল্পনা অনুষদসগুলোর অধীনে ১৩টি বিভাগে স্নাতক  
শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। এবারের ভর্তি পরীক্ষায়  
পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার ক্ষুদ্র জাতিগোষ্ঠীভুক্ত  
প্রার্থীদের জন্য প্রকৌশল বিভাগগুলো এবং নগর ও অঞ্চল  
পরিকল্পনা বিভাগের জন্য মোট তিনটি (কোনো বিভাগে একটি  
আসনের বেশি নয়) ও স্থাপত্য বিভাগের জন্য একটি সংরক্ষিত  
আসনসহ মোট এক হাজার ৩০৯টি আসনের জন্য ভর্তি পরীক্ষা  
অনুষ্ঠিত হয়।